তারিখ 07 FEB 2016
পৃষ্ঠা ২৩ কলাম ৪

কালের কণ্ঠ

# এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান সৃষ্ট পদের শিক্ষকদের ক্লাস বর্জন কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক ▷

এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে সৃষ্ট পদের শিক্ষকরা ক্লাস বর্জন কর্মসূচি ঘোষণা করেছেন। আগামী ১৪ ফেব্রুয়ারি থেকে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রায় ১৫ হাজার শিক্ষক এ কর্মসূচি পালন করবেন। ২০ ফেব্রুয়ারির মধ্যে সরকারের পক্ষ থেকে এ ব্যাপারে ঘোষণা না এলে ২২ ফেব্রুয়ারি থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে আমরন অনশন শুরু করবেন শিক্ষকরা। গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে 'এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের সৃষ্ট পদে নিয়োগপ্রাপ্ত নন-এমপিওভুক্ত বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদ' এ কর্মসূচি ঘোষণা করে।

লিখিত বক্তব্যে সংগঠনের সভাপতি প্রদীপ চন্দ্র রায় বলেন, 'বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে অতিরিক্ত শ্রেণি শাখা খোলার পর মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ীই আমাদের বৈধভাবে নিয়োগ দেওয়া হয়। শিক্ষকদের এমপিওভুক্তও করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তর। কিন্তু ২০১১ সালের ১৩ নভেম্বর হঠাৎ করেই শিক্ষা মন্ত্রণালয় এক পরিপত্রের মাধ্যমে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত সৃষ্ট পদে এমপিওভুক্তি বন্ধ রাখার নির্দেশ দেয়। অথচ আগে থেকেই নিয়োগ পাওয়া অনেক শিক্ষক এমপিওভুক্তির অপেক্ষায় রয়েছেন। আর শিক্ষাপ্রতিষ্ঠানকে যেহেতু নিয়োগ বন্ধের নির্দেশ দেওয়া হয়নি তাই তাঁরা বিষয়ভিত্তিক শিক্ষকও নিতে থাকেন। এতে প্রায় ১৫ হাজার শিক্ষক এমপিওভুক্তির অপেক্ষায় রয়েছেন।'

প্রদীপ চন্দ্র রায় বলেন, 'আমরা এরই মধ্যে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, মাউশি মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সবার সঙ্গে দেখা করেছি। তাঁদের স্মারকলিপিও দিয়েছি। এমনকি মানববন্ধনসহ মৌন কর্মসূচি পালন করেছি। কিন্তু এমপিওভুক্তি প্রায় পাঁচ বছর ধরে বন্ধ থাকলেও এ ব্যাপারে মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। অথচ আমাদের যথারীতি ক্লাস নিতে হচ্ছে। দীর্ঘদিন বিনা বেতনে চাকরি করায় পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছি। তাই কঠোর আন্দোলনে যেতে বাধ্য হচ্ছি।'

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক কামাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মুস্তাফিজুর রহমান, বিপ্লাল হোসাইন, মো. এনামুল হক প্রমুখ।